১৪/৮/২০০৩

দৈনিক সংবাদ

তারিখ ...............

পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮ ......

# খুলনা ভার্সিটিতে কর্মচারী নিয়োগ প্রক্রিয়া স্থগিত

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অব্যাহত আন্দোলন ও হুমকির মুখে কর্মচারী নিয়োগ প্রক্রিয়া অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করা হয়েছে।

উত্তেজিত চাকরি প্রার্থী ও তাদের অভিভাবকদের নিয়ন্ত্রণ করার জন্য গতকাল ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

খুলনা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি তাদের নিজস্ব ৩ দফা দাবিতে কিছুদিন যাবৎ আন্দোলন করে আসছে। শিক্ষকরা কর্মচারী নিয়োগ বন্ধের জন্যও হুমকি দেন এবং ৫ জনের নিয়োগ বোর্ডে ৩ জন শিক্ষক রাখার দাবি জানান।

গতকাল ছিল কর্মচারী নিয়োগের জন্য লিখিত পরীক্ষার নির্ধারিত দিন। সময় পার হওয়ার পর পরীক্ষা শুরু না হওয়ায় চাকরি প্রার্থী ও তাদের অভিভাবকরা উত্তেজিত হয়ে হইচই শুরু করেন।

এ সময় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। পুলিশ আসার পর কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া স্থগিত রাখার নোটিশ দেন।